



Ambassador &  
Permanent Representative

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক  
Permanent Mission of Bangladesh  
to the United Nations, New York



২৭ মার্চ ২০২০

## করোনা ভাইরাস জনিত রোগের (কোভিড-১৯) বৈশ্বিক প্রাদূর্ভাব এর প্রেক্ষিতে নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশী সম্প্রদায়ের উদ্দেশ্যে বার্তা

প্রিয় নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশী ভাই ও বোনেরা,

আসসালামু আলাইকুম।

গোটা বিশ্ব আজ এক ভয়াবহ অদৃশ্য শত্রু নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবিলা করছে। ইতোমধ্যে পরিস্থিতির বাস্তবতা বিবেচনায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা একে বৈশ্বিক মহামারি হিসেবে ঘোষণা দিয়েছে। গত রবিবার সন্ধ্যা থেকে গোটা নিউইয়র্ক লক ডাউন ঘোষণা করা হয়েছে। এহেন পরিস্থিতিতে আমি আপনাদের সকলের নিরাপদ অবস্থান ও সুস্থতা কামনা করছি। ইতোমধ্যে এই রোগে আক্রান্ত হয়ে যে সকল প্রবাসী ভাই-বোনেরা অকাল মৃত্যুবরণ করেছেন আমি তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি। তাদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। মহান সৃষ্টিকর্তা যেন তাদের এই অপূরণীয় ক্ষতি কাটিয়ে ওঠার শক্তি দেন।

পাশাপাশি যারা এই রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন তাদের দ্রুত সুস্থতা কামনা করছি।

নিউইয়র্ক স্টেট এবং সিটি এই ভাইরাস মোকাবিলায় যে সকল নির্দেশনা দিয়েছেন, নিজ পরিবার ও কমিউনিটির স্বার্থে তা পুরোপুরি মেনে চলার জন্যেও আমি আপনাদের সবার প্রতি বিশেষ অনুরোধ জানাচ্ছি।

আমার প্রত্যাশা, দৃঢ় মনোবল, স্বাস্থ্য সচেতনতা ও পরিচ্ছন্নতা বজায় রাখার অনুশীলনের মাধ্যমে আমরা সবাই সুস্থ থাকতে পারবো এবং এই সঙ্কট কাটিয়ে উঠতে পারবো। পরিস্থিতি ভালো হয়ে উঠলে আমরা আবার পূর্ণ উদ্যোগে নিজ নিজ কর্মে ফিরে যাবো এবং প্রবাসে থেকে দেশ মাতৃকার কল্যাণে অবদান রাখবো।

সৃষ্টিকর্তা আমাদের বৈশ্বিক এই সঙ্কট কাটিয়ে উঠার শক্তি ও সাহস দিন।

আপনাদের মঙ্গল ও সুস্থতা কামনায়।

স্বাক্ষরিত/-

( রাবাব ফাতিমা )